

ভাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | غافر (ٱلْمُؤْمِن)

আয়াতঃ ৪০: ৫৩

💵 আরবি মূল আয়াত:

🗚 অনুবাদসমূহ:

আর অবশ্যই আমি মূসাকে হিদায়াত দান করেছিলাম এবং বনী ইসরাঈলকে কিতাবের উত্তরাধিকারী করেছিলাম,
— আল-বায়ান

ইতোপূর্বে আমি মূসাকে দিয়েছিলাম- পথ নির্দেশ আর বানী ইসরাঈলকে করেছিলাম (মূসার নিকট প্রদত্ত) কিতাবের উত্তরাধিকারী। — তাইসিরুল

আমি অবশ্যই মূসাকে দান করেছিলাম পথনির্দেশ এবং বানী ইসরাঈলকে উত্তরাধিকারী করেছিলাম সেই কিতাবের

— মুজিবুর রহমান

And We had certainly given Moses guidance, and We caused the Children of Israel to inherit the Scripture — Sahih International

৫৩. আর অবশ্যই আমরা মূসাকে দান করেছিলাম হেদায়াত এবং বনী ইসরাঈলকে উত্তরাধিকারী করেছিলাম কিতাবের,

তাফসীরে জাকারিয়া

- (৫৩) আমি মূসাকে অবশ্যই পথনির্দেশিকা দান করেছিলাম[1] এবং ইস্রাঈল বংশধরদেরকে দান করেছিলাম গ্রন্থ,[2]
 - [1] অর্থাৎ, নবুঅত এবং তাওরাত দান করেছিলাম। যেমন বলেছেন, وَنُورٌ (المائدة ﴿المَّادِةُ فِيهَا هُدَىً وَنُورٌ (المائدة ﴿المَّادِةِ ﴿الْمَائِدِةُ وَالْمَائِدِةُ ﴿ المَّائِدِةُ ﴿ المَّائِدِةُ ﴿ المَّائِدِةُ لِمَائِدِةً ﴿ المَّائِدِةُ لِمَائِدِةً ﴿ المَّائِدِةُ لَا اللَّوْرَاةَ فِيهَا هُدَىً وَنُورٌ (المائدة ﴿ 88)
 - [2] অর্থাৎ, তাওরাত মূসা (আঃ)-এর পরেও অবশিষ্ট ছিল, বংশ পরম্পরায় যার তারা উত্তরাধিকারী হয়েছে। অথবা কিতাব বা গ্রন্থ বলতে সেই সমস্ত কিতাবকে বুঝানো হয়েছে, যেগুলো বানী-ইস্রাঈলের নবীদের উপর অবতীর্ণ করা হয়েছে। এই সমস্ত কিতাবের উত্তরাধিকারী বানী-ইস্রাঈলকে বানানো হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান



(غَافِر ٱلْمُؤْمِن ا Ghafir (Al-Mu'min) ا اللهُؤْمِن ا (المُؤْمِن ا Ghafir (Al-Mu'min) اللهُؤُمِن ا

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4186

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন